ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৪৫

আগরতলা, ১৬ মে, ২০২৫

**চলতি শিক্ষাবর্ষে ৪৬টি বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক বিভাগ চালু করা হয়েছে**

জাতীয় শিক্ষানীতির সুপারিশ অনুযায়ী রাজ্যের বিদ্যালয়গুলিতে প্রাক-প্রাথমিক শিক্ষা সম্প্রসারণে রাজ্য সরকার যথাযথ গুরুত্বারোপ করে চলেছে। এর ফলশ্রুতিতে ২০১৮ সালের আগে যেখানে প্রাক-প্রাথমিক শিক্ষা লাভের ব্যবস্থা মাত্র ৯টি বিদ্যালয়ে চালু ছিল সেখানে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্যে প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা হচ্ছে ২৩৬টি। এই ২৩৬টি বিদ্যালয়ের মধ্যে রয়েছে ৫৪টি পিএমশ্রী বিদ্যালয় এবং ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুল।

সম্প্রতি সিপাহীজলা জেলার অন্তর্গত চড়িলাম ব্লকের কৃষ্ণসংঘ উচ্চ বিদ্যালয় এবং পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত রামনগর উচ্চতর মাধ্যমিক (ইংরেজি মাধ্যম) বিদ্যালয়েও প্রাক-প্রাথমিক বিভাগ চালু করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, এই দুইটি বিদ্যালয় সহ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্যে মোট ৪৬টি বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক বিভাগ চালু করা হয়েছে। বুনিয়াদি শিক্ষা দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******